# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিরিক্ত মহাপরিচালক(পরিকল্পনা) এর দপ্তর
ব্লক-এফ, লেভেল-৫, পানি ভবন,
গ্রীন রোড, ঢাকা।
ফোনঃ ০২-২২২২৩০০৪০-৪২

adgpl.bwdb@gmail.com

Office of the
Additional Director General (Planning)
Block-F, Level-5, Pani Bhaban,
Green Road, Dhaka
Phone: 02-222230040-42

স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০৫.২১-১৯১ তারিখঃ ২৬-১২-২০২১ খ্রিঃ

## দপ্তরাদেশ

"গঙ্গা-কপোতাক্ষ সেচ প্রকল্পের মাগুরা জেলা অংশের সক্ষমতা বৃদ্ধিকল্পে মাগুরা জেলার শ্রীপুর উপজেলার লাঙ্গলবাঁধ নামক স্থানে গড়াই নদীতে পাম্প স্টেশন নির্মাণ" শীর্ষক প্রস্তাবিত প্রকল্প গ্রহণের লক্ষ্যে ডিপিপি প্রনয়নের নিমিত্ত বর্তমান উপযোগিতা ও কার্যকারিতা নিরূপণে সরেজমিন পরিদর্শনপূর্বক সম্ভাব্যতা যাচাই ও ব্যয় নিরূপণ করে প্রয়োজনীয় সুপারিশমালাসহ সমীক্ষা প্রতিবেদন দাখিলের জন্য বহিঃসদস্যসহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাবৃন্দ সমন্বয়ে একটি সমীক্ষা সম্পাদন কমিটি গঠনের প্রস্তাব পেশ করা হলো। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

| ক্রমিক নং | কর্মকর্তাদের নাম ও পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নক্শা সার্কেল-৩, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা, উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তার দপ্তর, বাপাউবো, কুষ্টিয়া। | সদস্য |
| ৩। | নির্বাহী প্রকৌশলী, ভেড়ামারা পাম্প স্টেশন বিভাগ, বাপাউবো, কুষ্টিয়া। | সদস্য |
| ৪। | নির্বাহী প্রকৌশলী, ভেড়ামারা যান্ত্রিক সরঞ্জাম বিভাগ, বাপাউবো, ভেড়ামারা, কুষ্টিয়া। | সদস্য |
| ৫। | জনাব এ এইচ মনজুর মোর্শেদ, উপ-প্রধান (অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৬। | জনাব মোঃ জাহাঙ্গীর আলম, উপ-প্রধান (পরিবেশ ও বন), পিএমইউ-আইএমআইপি, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৭। | আইডব্লিউএম, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৮। | সিইজিআইএস, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৯। | নির্বাহী প্রকৌশলী, মাগুরা পওর বিভাগ, বাপাউবো, মাগুরা। | সদস্য-সচিব |

## কমিটির কার্যপরিধিঃ

ক) কমিটি সরেজমিনে প্রকল্প এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ স্থানীয় কৃষি অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর এবং প্রশাসনের সাথে আলোচনাপূর্বক বিষয়ভুক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;

খ) বর্তমান ও ভবিষ্যৎ সেচ/নিষ্কাশন **কমান্ড এরিয়ার পরিমাণ নিরূপণসহ** সার্বিক চাহিদার আলোকে প্রয়োজনীয় সংখ্যক নতুন পাম্প সংযোজনের প্রয়োজন হলে পাম্পের স্থান নির্বাচন ও পাম্পের সংখ্যাসহ সবিস্তার বিবরনী (Specification) যৌক্তিকতাসহ প্রতিবেদনে উল্লেখ করবেন;

গ) নতুন পাম্প সংযোজন পূর্ব ও পরবর্তী প্রয়োজনীয় পূর্নবাসন/পরিবর্তনের লক্ষ্যে অন্যান্য কার্যক্রম বা অবকাঠামো নির্মাণের প্রয়োজন হলে তার যৌক্তিকতা নির্ধারণ করে ডিপিপি প্রণয়নের নিমিত্তে সুপারিশমালা প্রণয়ন করবেন;

ঘ) প্রকল্পের পাম্পিং প্ল্যান্টের প্রয়োজনীয় বৈদ্যুতিক ও যান্ত্রিক যন্ত্রাংশসমূহের মজুদ চাহিদা ও বর্তমান বাজার যাচাই করে ব্যয় নিরূপণ করবেন;

ঙ) প্রযোজ্য ক্ষেত্রে যেমনঃ পূর্ত কাজ, নতুন অবকাঠামো নির্মাণ, পুনর্বাসন ইত্যাদি ক্ষেত্রে বাপাউবো'র চলতি রেট সিডিউল অনুসারে এবং বর্তমান বাজার যাচাই করে হালনাগাদ বিস্তারিত তথ্য-উপাত্তের ভিত্তিতে প্রস্তুতকৃত অনুমোদিত নকশার ভিত্তিতে প্রাক্কলন প্রস্তুত করবেন এবং উক্ত নকশা ও প্রাক্কলন প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;

চ) প্রযোজ্য ক্ষেত্রসমূহে প্রকল্প বাস্তবায়নের ফলে কৃষি, বনায়ন, শিল্প, নেভিগেশন সেক্টরসহ মৎস্য ও জলজ প্রাণী এবং পাখি সংরক্ষণসহ সার্বিক জীব-বৈচিত্র্যের উপর প্রকল্পের প্রভাব সম্পর্কে সুস্পষ্ট মতামত প্রদান করবেন। প্রকল্প সংশ্লিষ্ট এলাকার সৌন্দর্য বৃদ্ধির জন্য সিড়ি ও বেঞ্চ ও ওয়াশরুম নির্মাণ, গাছপালা রোপনসহ সম্ভাব্য উপায়সমূহ সুপারিশ করবেন;

ছ) প্রকল্প গ্রহণ আর্থিক দৃষ্টিকোণ থেকে যুক্তিযুক্ত কি না, তা বিশ্লেষণপূর্বক সুস্পষ্ট সুপারিশ প্রদান করবেন;

জ) বর্ণিত স্থানসমূহ রঙ্গিন সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন।

২। কমিটি সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে ৩(তিন) প্রস্থে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।

৩। মূল প্রতিবেদনের **Soft Copy**(Text) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের adgpl.bwdb@gmail.com ঠিকানায় E-mail যোগে প্রেরণ করবেন।

৪। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

২৬/১২/২১

(মোঃ সামিউল ইসলাম খান)
উপ-সচিব (পরিকল্পনা)
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ঢাকা।

চলমান পৃষ্ঠা - ২

<u>বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ</u>

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নক্শা সার্কেল-৩, বাপাউবো, ঢাকা।
২। উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা, উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তার দপ্তর, বাপাউবো, কুষ্টিয়া।
৩। নির্বাহী প্রকৌশলী, ভেড়ামারা পাম্প স্টেশন বিভাগ, বাপাউবো, কুষ্টিয়া।
৪। নির্বাহী প্রকৌশলী, ভেড়ামারা যান্ত্রিক সরঞ্জাম বিভাগ, বাপাউবো, ভেড়ামারা, কুষ্টিয়া।
৫। জনাব এ এইচ মনজুর মোর্শেদ, উপ-প্রধান (অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। জনাব মোঃ জাহাঙ্গীর আলম, উপ-প্রধান (পরিবেশ ও বন), পিএমইউ-আইএমআইপি, বাপাউবো, ঢাকা।
৭। নির্বাহী প্রকৌশলী, মাগুরা পওর বিভাগ, বাপাউবো, মাগুরা।
৮। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।
৯। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।

<u>অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ</u>

১। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
২-৩। প্রধান প্রকৌশলী, নকশা/ পশ্চিমাঞ্চল, বাপাউবো, ঢাকা/ ফরিদপুর।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুষ্টিয়া পওর সার্কেল, বাপাউবো, কুষ্টিয়া।
৫। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৭-৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা/ওয়েস্টার্ন রিজিয়ন), বাপাউবো, ঢাকা।